



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১



ঋণবি-১ সার্কুলার লেটার নং-০৪/২০২১

তারিখ: ০৭.০৬.২০২১

০১. সকল জোনাল ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০২. উপ-মহাব্যবস্থাপক
রাকাব, ঢাকা কর্পোরেট শাখা/ স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
০৩. সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়: ঋণ ও অগ্রিমের সুদহার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়


উপর্যুক্ত বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী এর ২৭.০৪.২০২১ তারিখের সার্কুলার নং-০৩/২০২১ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করা হলো।

০২। বাংলাদেশ সরকার খাদ্য নিরাপত্তা ও পুষ্টি নিশ্চিতকরণ, দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে কৃষি উন্নয়নকে অগ্রাধিকার দিচ্ছে। জাতীয় অর্থনীতিতে কৃষি খাতের অবদান বিবেচনায় কৃষি খাতে স্বল্পসুদে ঋণ সরবরাহ নিশ্চিত করে কৃষকদেরকে স্বাভাবিক উৎপাদনশীল কার্যক্রমে ফিরিয়ে আনাসহ কৃষি উৎপাদন বৃদ্ধি কল্পে অগ্রাধিকার প্রাপ্ত খাত হিসেবে কৃষি ও পল্লী ঋণের সুদহার সর্বোচ্চ ৯% এর পরিবর্তে ৮% এ পুনঃনির্ধারণ করে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ২২.০৪.২০২১ তারিখে বিআরপিডি সার্কুলার নং-০৮ জারী করা হয়। তৎপ্রেক্ষিতে এ ব্যাংকে উল্লিখিত সুদহার কার্যকর করার জন্য গত ২৭.০৪.২০২১ তারিখে উল্লিখিত সার্কুলার মাঠ পর্যায়ে জারী করা হয়। উল্লিখিত সার্কুলারের ৭(ঠ) অনুচ্ছেদে বর্ণিত পরিবেশ বান্ধব খাতে ঋণের সুদহারের ক্ষেত্রে নিম্নরূপ সংশোধন আনায়ন করা হলো:

বিদ্যমান নির্দেশনা		সংশোধিত নির্দেশনা	
খাত	সুদহার (০১.০৪.২০২১ তারিখ হতে কার্যকর)।	খাত	সুদহার (২৯.০৭.২০২০ তারিখ হতে কার্যকর)।
নবায়নযোগ্য জ্বালানী ও পরিবেশ বান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন (Refinance) স্কিম	ক. সৌর ফটোভোল্টিক সংযোজনপ্লান্ট/শিল্প ৮%	পরিবেশ বান্ধব পণ্য/উদ্যোগ/ প্রকল্পের জন্য পুনঃঅর্থায়ন স্কিম	ঋণের মেয়াদকাল ৫ বছরের কম এর ক্ষেত্রে ৬%।
	খ. অন্যান্য ৮%		ঋণের মেয়াদকাল ৫ বছর বা ততোধিক কিন্তু ৮ বছরের কম এর ক্ষেত্রে ৬.৫%।
			ঋণের মেয়াদকাল ৮ বছর বা ততোধিক এর ক্ষেত্রে ৭%।

০৩। উল্লেখ্য ঋণ ও অগ্রিম বিভাগ-১ থেকে গত ২৭.০৪.২০২১ তারিখে জারীকৃত সার্কুলার নং-০৩/২০২১ এর অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত



(শওকত শহীদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

(চলমান পাতা-০২)

ঋওঅবি-১ সার্কুলার লেটার নং-০৪/২০২১

তারিখ: ০৭.০৬.২০২১

সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক,এমডি'সভিজিলেপ সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১০। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনিস্টিটিউট, রাজশাহী।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাকাব।
- ১৩। অফিস নথি।

R. M. M. .

০৭.০৬.২০২১

(নুমানা আফরোজ)

মুখ্য কর্মকর্তা